

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ ডিসেম্বর ২০২৩খ্রি.

### সাড়ে ৫ লাখ শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়াবে চসিক

জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের অংশ হিসেবে চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) স্বাস্থ্য বিভাগ ৫ লাখ ৪১ হাজার শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়াবে।

মঙ্গলবার (১২ ডিসেম্বর) সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ১ হাজার ৩২১টি কেন্দ্রে ক্যাপসুল খাওয়াবে চসিকে। এর মধ্যে ৬ থেকে ১১ মাসের ৮১ হাজার শিশুকে একটি করে নীল (১ লাখ ইউনিট) এবং ১২ থেকে ৫৯ মাসের ৪ লাখ ৬০ হাজার শিশুকে একটি করে লাল রঙের (২ লাখ ইউনিট) ক্যাপসুল খাওয়ানো হবে। ক্যাম্পেইন চলাকালে সময় জন্মের এক ঘণ্টার মধ্যে শাল দুধ এবং ছয় মাস পর্যন্ত শুধু মায়ের দুধ পান করাতে পুষ্টিবার্তার প্রচার করা হবে।

সোমবার সকালে চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে সংবাদ সম্মেলনে চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ ইমাম হোসেন রানা বলেন, এর আগে গত ১৮ জুন ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানোর ৯৯ শতাংশ লক্ষ্যমাত্রা অর্জন করে চসিক। সেবার ৬ থেকে ১১ মাসের ৭৮ হাজার ১২৪ জন এবং ১২ থেকে ৫৯ মাসের ৪ লাখ ৫১ হাজার ৯০৫ শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হয়েছে। লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে ক্যাম্পেইন চলাকালে যে সকল শিশু বাদ যাবে তাদের পরবর্তীতে শুধুমাত্র চসিক স্বাস্থ্য বিভাগের উদ্যোগে নিজস্ব ব্যবস্থাপনায় চসিক স্বাস্থ্য বিভাগ পরিচালিত দাতব্য চিকিৎসালয়, নগর স্বাস্থ্য কেন্দ্র ও ইপিআই কেন্দ্র সমূহে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

সম্মেলনে সভাপতির বক্তব্যে স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির সদস্য ও কাউন্সিলর আবদুস সালাম মাসুম বলেন, সুস্থ বাংলাদেশ গড়তে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন খুব গুরুত্বপূর্ণ। ভিটামিন এ ক্যাপসুল অনেক রোগ প্রতিরোধ করে। সচেতন অনেকে নিজ থেকে মাতৃসদনে বা কেন্দ্রে টিকা নিতে যায়। আবার কেউ কেউ তেমন সচেতন নন। মসজিদগুলোতে গত কয়েক দিন ধরে আমরা টিকা দেয়ার তথ্য প্রচার করছি। ভিটামিন এ ক্যাপসুলের কোনো পার্শ্ব প্রতিক্রিয়া নেই। এখন যেহেতু ভোটের সময়, অতীতেও আমরা এ টিকা নিয়ে নানা অপপ্রচার দেখেছি। কেউ যাতে একে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার না করে সেজন্য সহযোগিতা চাই।

মঙ্গলবার সকালে ১৬ নম্বর চকবাজার ওয়ার্ডের নাজমাঈ ডেমিরেল সিটি করপোরেশন দাতব্য চিকিৎসালয় মিলনায়তনে মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী চসিকের ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উদ্বোধন করবেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন চসিকের সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ডা. রফিকুল ইসলাম, ডা. তপন কুমার চক্রবর্তী, জোনাল মেডিকেল অফিসার ডা. সুমন তালুকদার, ডা. আকিল মাহমুদ নাফে, ডা. জুয়েল মহাজন, ডা. হোসনে আরা বেগম, জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা আজিজ আহমেদ। সংবাদ সম্মেলন সঞ্চালনা করেন আবু ছালেহ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমেদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি করপোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮